গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

নভেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মনিটরিং সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শাহগীর আলম<br>জেলা ম্যাজিস্ট্রেট |
| সভার তারিখ | ১২ নভেম্বর ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১০:১৫ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলাপ্রশাসকের কার্যালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট - "ক" |

সভাপতি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মনিটরিং সংক্রান্ত কমিটির উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া জেলায় বেসরকারি পর্যায়ে পরিচালিত লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর আগস্ট-অক্টোবর ২০২৩ মাসের চিকিৎসা সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া বলেন, ব্রাহ্মণবাড়িয়া জেলায় বেসরকারি পর্যায়ে পরিচালিত লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সংখ্যা ০৫টি। কেন্দ্রগুলোর আগস্ট-অক্টোবর, ২০২৩ মাসের চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:
<table>
<tr><th rowspan="2">জেলার নাম</th><th rowspan="2">নিরাময় কেন্দ্রের নাম</th><th rowspan="2">বেড সংখ্যা</th><th colspan="3">নতুন ভর্তিকৃত রোগীর সংখ্যা</th><th rowspan="2">ছাড়কৃত রোগীর সংখ্যা</th><th rowspan="2">বর্তমানে রোগীর সংখ্যা</th><th rowspan="2">মাদকের প্রকারভেদে নতুন ভর্তিকৃত রোগীর সংখ্যা</th></tr>
<tr><th>আগস্ট/২৩</th><th>সেপ্ট/২৩</th><th>অক্টো/২৩</th></tr>
<tr><td rowspan="5">ব্রাহ্মণবাড়িয়া</td><td>প্রয়াস</td><td>১০</td><td>০৬</td><td>০৬</td><td>০৬</td><td>১৪</td><td>২৫</td><td>ইয়াবা-১২জন, গাঁজা-৪জন ও এস্কফ-২জন।</td></tr>
<tr><td>আশীর্বাদ</td><td>১০</td><td>০৪</td><td>০৯</td><td>০৭</td><td>১৬</td><td>২৮</td><td>ইয়াবা-১০জন, গাঁজা-৯জন ও অন্যান্য-১ জন।</td></tr>
<tr><td>প্রত্যয়</td><td>১০</td><td>০৩</td><td>০৪</td><td>০৪</td><td>০৬</td><td>১৮</td><td>ইয়াবা-৪জন, গাঁজা-৩জন, ফেন্সিডিল-২জন ও মদ-২জন।</td></tr>
<tr><td>প্রত্যাশা</td><td>১০</td><td>০২</td><td>০৩</td><td>০৩</td><td>০৯</td><td>০৭</td><td>ইয়াবা-৪জন ও গাঁজা-৪জন।</td></tr>
<tr><td>অশ্রু</td><td>১০</td><td>০৪</td><td>০৪</td><td>০৫</td><td>১৩</td><td>১৭</td><td>ইয়াবা-২ জন, গাঁজা-৮জন ও এসকাফ-৩জন।</td></tr>
</table>
</td><td>বেসরকারি পর্যায়ে পরিচালিত লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া<br>২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া<br>৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া<br>৪. বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া<br>৫. নির্বাহী পরিচালক, .................. মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া</td></tr>
</table>

<table>
<tr>
<td>২</td>
<td>মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম, অবকাঠামো, জনবল এবং চিকিৎসার গুণগত মান তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া-কে আহ্বায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়:
<table>
<tr><th>ক্রম</th><th>কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল</th><th>কমিটিতে পদমর্যাদা</th></tr>
<tr><td>০১</td><td>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,<br>ব্রাহ্মণবাড়িয়া</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>০২</td><td>অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল),<br>ব্রাহ্মণবাড়িয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>জনাব ডাঃ মোঃ মাহমুদুল হাছান<br>মেডিকেল অফিসার<br>সিভিল সার্জনের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>উপপরিচালক<br>জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>সহকারী পরিচালক<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়,<br>ব্রাহ্মণবাড়িয়া</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
সভাপতি ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া গঠিত কমিটির সদস্যগণকে সকল মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন করে সরকারি বিধান মোতাবেক গৃহীত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আগামী সভায় পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন।</td>
<td>মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো সরকারি বিধান মোতাবেক ডাক্তার, মনোচিকিৎসক, জনবল নিয়োগ এবং পর্যাপ্ত জায়গার ব্যবস্থা করার মাধ্যমে যথাযথভাবে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনা করছে কিনা এ বিষয়ে কমিটি কর্তৃক সকল মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শনপূর্বক আগামী সভায় পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া<br>২. অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)<br>ব্রাহ্মণবাড়িয়া<br>৩. মেডিকেল অফিসার,<br>সিভিল সার্জনের কার্যালয়,<br>ব্রাহ্মণবাড়িয়া<br>৪. উপপরিচালক,<br>জেলা সমাজসেবা কার্যালয়,<br>ব্রাহ্মণবাড়িয়া<br>৫. সহকারী পরিচালক,<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,<br>জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া</td>
</tr>
<tr>
<td>৩</td>
<td>সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া বলেন, মাদকাসক্তদের আসক্তি হতে ফিরিয়ে আনতে চিকিৎসার পাশাপাশি মানসিক পরিচর্যার প্রয়োজন। এর মাধ্যমে তাদেরকে পরিপূর্ণভাবে সুস্থ করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।</td>
<td>মাদকাসক্তদের আসক্তি হতে ফিরিয়ে আনার জন্য মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোতে মনোরোগ বিশেষজ্ঞ কর্তৃক তাদের মানসিক পরিচর্যার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া<br>২. সহকারী পরিচালক<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ<br>অধিদপ্তর, জেলা<br>কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৩. সহকারী পরিচালক, ......<br>এনজিও, ব্রাহ্মণবাড়িয়া<br>৪. নির্বাহী পরিচালক,<br>.................. মাদকাসক্তি<br>নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া</td>
</tr>
<tr>
<td>৪</td>
<td>সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া বলেন, মাদকাসক্ত রোগীরা তাদের বাবা/মা/অভিভাবকদের সান্নিধ্য পেলে সুস্থতার ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়বে।</td>
<td>মনোরোগ বিশেষজ্ঞ কর্তৃক মাদকাসক্তদের মানসিক চিকিৎসা প্রদানের সময় রোগীদের বাবা/মা/অভিভাবকদের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১. সহকারী পরিচালক,<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,<br>জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>২. নির্বাহী পরিচালক,<br>.................. মাদকাসক্তি<br>নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া</td>
</tr>
<tr>
<td>৫</td>
<td>জেলার বেসরকারি পর্যায়ে পরিচালিত লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর পরিচালকগণ বলেন, মাদকাসক্ত রোগীর চেয়ে নিরাময় কেন্দ্রের অনুমোদিত বেড সংখ্যা খুবই কম। তারা দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে চাহিত বেড সংখ্যার দ্রুত অনুমোদন প্রদানের অনুরোধ জানান।এ বিষয়ে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া বলেন, অনুমোদনের জন্য আবেদনকৃত বেড সংখ্যার তুলনায় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোতে পর্যাপ্ত জায়গা না থাকায় আবেদনগুলো অনুমোদন দেয়া সম্ভব হচ্ছে না। তিনি বলেন, রোগীর অনুপাতে জায়গার পরিসর বৃদ্ধির জন্য নির্বাহী পরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।</td>
<td>১. যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অনুমোদিত সীট সংখ্যার অধিক রোগী ভর্তি না করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বেড সংখ্যা বৃদ্ধির জন্য দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে রোগীর অনুপাতে জায়গার পরিসর বৃদ্ধির অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>২. নির্বাহী পরিচালক,<br>.................. মাদকাসক্তি<br>নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৬ | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া বলেন মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে রোগীর সংখ্যা অনুপাতে তাদের সেবাপ্রদানকারী সেচ্ছাসেবীর সংখ্যা বাড়ানো প্রয়োজন। এছাড়া, নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য কোন দপ্তর প্রধানকে চিঠি দেয়া হলে তার অনুলিপি বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণের জন্য অনুরোধ করেন। | ১. মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে রোগীর সংখ্যা অনুপাতে তাদের সেবাপ্রদানকারী সেচ্ছাসেবীর সংখ্যা বাড়ানোর অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য কোন দপ্তর প্রধানকে পত্র দেয়া হলে তার অনুলিপি বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী পরিচালক, .................. মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া |
| ৭ | সভাপতি ও জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া বলেন, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা কর্তৃক প্রণীত মাদকাসক্তদের চিকিৎসা সংক্রান্ত চেকলিস্ট অনুযায়ী চিকিৎসা সেবা প্রদান করতে হবে। তিনি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের নির্বাহী পরিচালকদের সরকারি বিধি-বিধান মোতাবেক নিরাময় কেন্দ্র পরিচালনা নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, মাদকাসক্ত প্রতিটি রোগীকে এককভাবে পরিচর্যা ও চিকিৎসা নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। সর্বোপরি, চিকিৎসা সেবা গ্রহণের পর নিরাময় কেন্দ্র হতে ছাড়প্রাপ্ত মাদকাসক্তরা যেনো পুনরায় মাদকে আকৃষ্ট হয়ে না পড়ে, এ বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১. কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা হতে প্রণীত চিকিৎসা সংক্রান্ত চেকলিস্ট অনুযায়ী চিকিৎসা সেবা প্রদানের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চিকিৎসা সেবা গ্রহণের পর নিরাময় কেন্দ্র হতে ছাড়প্রাপ্ত মাদকাসক্তরা যেনো পুনরায় মাদকে আকৃষ্ট না হয়, এ বিষয়টি নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. মাদকাসক্ত প্রতিটি রোগীকে এককভাবে পরিচর্যা ও চিকিৎসা নিশ্চিত করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া<br>২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া<br>৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৪. সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৫. নির্বাহী পরিচালক, .................. মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া |

সভাপতি আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০১৪.০৪.০১০.২২.১৬৮২

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩০
১৭ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৪) যুগ্মসচিব, জেলা ম্যাজিস্ট্রেসি অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
৭) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া
৯) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া
১০) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
১১) দপ্তর প্রধান (সকল), ব্রাহ্মণবাড়িয়া
১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
১৩) জেলা শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
১৪) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
১৫) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
১৬) উপপরিচালক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
১৭) প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ))
১৮) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
১৯) নির্বাহী পরিচালক, .................. মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া

মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট